

অষ্টম ভাগ
গঠনতন্ত্র সংশোধন

৮৫। উপ-আইন/গঠনতন্ত্র সংশোধন ৪ (১) সমিতির যে কোন নিয়মিত সদস্য গঠনতন্ত্রের যে কোন সংযোজন, বিয়োজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণ সম্বলিত সংশোধনী প্রস্তাব আনতে পারবেন। এরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্য উক্ত সংশোধনী প্রস্তাব লিখিতভাবে সভাপতির নিকট পেশ করবেন। সাধারণ সম্পাদক উহা ব্যবস্থাপনা কমিটিতে পেশ করবেন এবং ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে উহা বার্ষিক সাধারণ সভায় পেশ করা হবে। বার্ষিক সাধারণ সভায় উপস্থিত কমপক্ষে এক-তৃতীয়াংশ সদস্যের সম্মতি থাকলে উক্ত সংশোধনী প্রস্তাব বার্ষিক সাধারণ সভায় আলোচিত হতে পারবে এবং বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যগণের দুই-তৃতীয়াংশ সদস্য সংশোধনী প্রস্তাবের পক্ষে ভোট দিলে উক্ত সংশোধনী প্রস্তাব গৃহীত বলে গণ্য হবে।

(২) অতঃপর যথাযথ নিয়ম অনুসরণপূর্বক সংশোধনের বিষয়টি নিবন্ধক কর্তৃপক্ষকে জানাতে হবে এবং প্রয়োজনীয় অনুমোদন নিতে হবে।

৮৬। উপ-আইন/গঠনতন্ত্রের ব্যাখ্যাতা কর্তৃপক্ষ ও উপ-আইন/গঠনতন্ত্রে অনুল্লিখিত বিষয়ের ব্যাখ্যা ৪ (১) উপ-আইন/গঠনতন্ত্রের ব্যাখ্যা সম্পর্কিত কোন বিষয়ের অবতারণা হলে সমিতির সভাপতি গঠনতন্ত্রের প্রস্তাবনায় বর্ণিত গঠনতন্ত্র প্রণয়ন উপকমিটি এবং চলমান কার্যনির্বাহী কমিটির সাথে যৌথভাবে আলোচনাক্রমে সিদ্ধান্ত দিবেন এবং এ সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। সভাপতি যদি গঠনতন্ত্র প্রণয়ন উপকমিটির এক বা একাধিক জন সদস্য অথবা আদৌ কোন সদস্যের সাথে যুক্তিসংগত অলংঘ্য কারণে আলোচনা করতে অসমর্থ হন, তবে তাঁর/তাদের (সদস্য/সদস্যগণের) কাছ থেকে ব্যাখ্যায় বিষয়ের ওপর মতামত গ্রহণ আবশ্যিক হবে না।

(২) (১) দফায় উত্থাপিত ব্যাখ্যায় বিষয়ের ওপর সমবায় সমিতি আইন/বিধিমালায় কোন ব্যাখ্যা বর্তমান থাকলে উক্ত ব্যাখ্যা অগ্রগণ্যতা প্রাপ্ত হবে।

(৩) যে সকল বিষয়ে এ গঠনতন্ত্র এবং সমবায় আইন ও বিধিমালায় বিশেষভাবে কোন কিছু উল্লেখ করা হয়নি উক্ত বিষয়ে প্রচলিত রীতি-নীতি অনুসৃত হবে।
